দৈনিক বাংলা

তারিখ ...11 FEB 1995...
পৃষ্ঠা ৮ কলাম ৫

০৫

# গ্রামের স্কুল মাদ্রাসার ৮ম শ্রেণীর ছাত্রীদেরও বৃত্তি দেয়া হবে

মিডিয়া সিন্ডিকেট ঃ দেশে নারীশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ১৯৯৭ সাল থেকে গ্রামীণ নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোর ৮ম শ্রেণীর ছাত্রীদেরও বেতন মওকুফ ও নগদ বৃত্তি দেয়া হবে। এর আগে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর ছাত্রীদেরকে অনুরূপ আর্থিক সাহায্য দেয়া হয়েছে। এ বছর থেকে ৭ম ও ৯ম শ্রেণীতে তা দেয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয় এ জন্য নগদ বৃত্তি এবং মওকুফকৃত বেতন বাবদ সংশ্লিষ্ট বিদ্যালয় ও মাদ্রাসাসমূহকে ভর্তুকিদানের এক ব্যাপক কর্মসূচী নিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র থেকে এ তথ্য জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, সরকারী এ বৃত্তির পরিমাণ হলো ৬ষ্ঠ শ্রেণীতে মাসিক ২৫ টাকা, ৭ম শ্রেণী ৩০ টাকা, ৮ম শ্রেণী ৩৫ টাকা, ৯ম শ্রেণী ৬০ টাকা এবং ১০ম শ্রেণীতে ৬০ টাকা। মওকুফকৃত বেতন বাবদ স্কুল বা মাদ্রাসাকে দেয় ছাত্রীপ্রতি ভর্তুকির হার ৬ষ্ঠ শ্রেণীতে ১৫ টাকা, ৭ম শ্রেণী ১৫ টাকা, ৮ম শ্রেণী ১৫ টাকা এবং ৯ম ও ১০ম শ্রেণীর জন্য ২০ টাকা।

বেতন ও ভর্তুকি ছাড়াও নবম শ্রেণীর প্রতিটি ছাত্রী বই কেনার জন্য নগদ এককালীন ২৫০ টাকা এবং ১০ম শ্রেণীর প্রতিছাত্রী এসএসসি পরীক্ষার ফিস বাবদ নগদ এককালীন ২৫০ টাকা অতিরিক্ত আর্থিক সহায়তা পাবে।

এ কর্মসূচীর আওতায় সহায়তা লাভের জন্য প্রত্যেক ছাত্রীকে প্রতি শিক্ষাবর্ষে ন্যূনতম শতকরা ৭৫ ভাগ স্ব স্ব শ্রেণীতে অবশ্যই উপস্থিত থাকতে হবে। ষান্মাষিক বা বার্ষিক পরীক্ষায় গড়ে শতকরা ন্যূনতম ৪৫ ভাগ নম্বর পেতে হবে।